



ভ্যাট মেলা উপলক্ষে বঙ্গব্য রাখছেন কমিশনার মো. আকবর হোসেন

চট্টগ্রামে দুইদিনের ভ্যাট মেলা শুরু হচ্ছে আজ

আজাদী প্রতিবেদন

কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট চট্টগ্রামের অধীনে ৮টি ডিভিশনে দুইদিনব্যাপী ভ্যাট মেলা শুরু হচ্ছে আজ। হয়রানিমুক্ত ভ্যাট সেবা প্রদান এবং জরিপের মাধ্যমে ভ্যাটের আওতা বাড়ানো মেলার অন্যতম উদ্দেশ্য বলে ভ্যাট অফিসের কর্মকর্তারা জানিয়েছেন।

মেলা প্রসঙ্গে চট্টগ্রাম ভ্যাট কমিশনারেটের কমিশনার মো. আকবর হোসেন বলেন, চট্টগ্রামে আমরা জরিপ কাজ শুরু করেছি। আমাদের টাগেটি নিবন্ধনযোগ্য কোনো প্রতিষ্ঠান যাতে অনিবাক্ষিত না থাকে মাসখালেকের মধ্যে সবাইকে নিবন্ধনের আওতায় নিয়ে আসতে পারব। চট্টগ্রাম ভ্যাট কমিশনারেটের অধীন ৮ ডিভিশন হলো-আত্মবাদ বিভাগ, চান্দগাঁও বিভাগ, চট্টগ্রাম বিভাগ, বান্ধামাটি বিভাগ, পটিয়া বিভাগ, কল্পবাজার বিভাগ, ঘাগড়াছড়ি বিভাগ ও বান্দরবান বিভাগ। এই ৮টি ডিভিশনে ২৬ হাজার ৭৫০টি প্রতিষ্ঠান নিবন্ধিত থাকলেও কিছু ঠিকাদারি প্রতিষ্ঠান ভ্যাট রিটার্ন সাবমিটে অনীহা দেখায়। তাদের অনেকে হয়তো কাজ করছেন না। কেউ কেউ মাঝেমধ্যে কাজ করেন। কিন্তু সরকার আইন করে দিয়েছে-যদি ভ্যাট নিবন্ধন থাকে রিটার্ন বা দাখিলপত্র সাবমিট করতে হবে। কারও আয় না থাকলে, ব্যবসা কার্যক্রম না থাকলে জিরো রিটার্ন দাখিল করতে হবে। এতে আমাদের আপত্তি নেই। নয়তো জরিমানা হবে। প্রয়োজনে আমরা সংশ্লিষ্ট ব্যবসা প্রতিষ্ঠানে গিয়ে রিটার্ন সাবমিট করে আসবো। আমরা নিবন্ধিত সব প্রতিষ্ঠানের রিটার্ন চাই। আপনারা হয়তো জানেন, চট্টগ্রাম নগরীতে ১২০টি প্রতিষ্ঠানে ইএফডি মেশিন বসিয়েছি। মাসখালেকের মধ্যে আরও ৪০০ প্রতিষ্ঠানে ইএফডি মেশিন দেওয়া হবে। জনগণকে সচেতন করছি তারা যাতে ইএফডি মেশিনে ভ্যাট দিয়ে লটারির কৃপন বুঝে নেন। প্রতিমাসে ১০১টি পুরস্কার দেওয়া হচ্ছে।

ভ্যাট কমিশনারেটের যুগ্ম কমিশনার মো. মুশফিকুর রহমান বলেন, ভ্যাট রিটার্ন সাবমিশন অত্যন্ত জরুরি বিষয়। আমাদের ৫৬ শতাংশ রিটার্ন সাবমিটের হার, এটা শতভাগে উন্নীত করতে চাই। ভ্যাট অনলাইন ব্যবস্থা নতুন। কারও ইউজার আইডি, পাসওয়ার্ড সমস্যা থাকতে পারে। ড্রপ বজে সমস্যা হতে পারে। সেগুলো স্পষ্ট হবে মেলায়। একা হয়তো সমাধান করতে পারছে না। মেলায় ওয়ান স্টপ বুথে হাতে-কলমে শিখিয়ে দেব, কৌভাবে রিটার্ন সাবমিশন করতে হয়। এরপর তারা অফিস বা বাসায় বসে রিটার্ন সাবমিট করতে পারবেন। অনলাইনে ভ্যাট রিটার্ন সাবমিটে প্রাথমিক জড়তা, অস্থিতি কাটাতে চাই, নির্ভুল করতে চাই আমরা। আমরা ভ্যাট কর্মকর্তাদেরও উন্নুন্ন করতে চাই যাতে তারা জনবাক্ফর ও ব্যবসাবাক্ফর হন। ১ থেকে ১৫ জানুয়ারি পর্যন্ত ভ্যাট নিবন্ধন চলছে। মেলার দুই দিন আমরা বেশি ফোকাস দিতে চাই।